যুগান্তর

তারিখ 06 FEB 2016
পৃষ্ঠা 18 কলাম 4

ছাত্রলীগ কর্মী হাবিব হত্যা

# সিলেটে পনেরো শিক্ষার্থী আজীবন বহিষ্কার

**সিলেট ব্যুরো**

সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসনের ৪র্থ বর্ষের ২য় সেমিস্টারের শিক্ষার্থী ছাত্রলীগ কর্মী কাজী হাবিবুর রহমান হাবিব হত্যার ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ১৫ শিক্ষার্থীকে আজীবনের জন্য বহিষ্কার করা হয়েছে। শুক্রবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। হত্যাকাণ্ড তদন্তে গঠিত ৫ সদস্যের কমিটি ও প্রক্টরিয়াল বডির রিপোর্ট অনুযায়ী সিন্ডিকেট সভায় ১৫ শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় হতে স্থায়ীভাবে বহিষ্কার ও এ বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর শিক্ষার সুযোগের স্থায়ী নিষেধাজ্ঞা আরোপ করা হয়। বহিষ্কৃত শিক্ষার্থীরা হচ্ছে— মো. সাগর হোসাইন, মো. আলাউর খান, ইলিয়াস আহমেদ পুনম, আনিসুর রহমান, মইনুল ইসলাম, মো. আশিক উদ্দিন, মো. আবদুল আওয়াল, বশির উদ্দিন আহমেদ তুহিন, সুজন মিয়া, হারুন রশিদ, কাজী কামরুল আহমেদ, নয়ন রায়, সাইদুর রহমান, বিশ্বজিৎ দে ও মো. সায়েদুর রহমান সুমন। বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. সুশান্ত কুমার দাসের সভাপতিত্বে সিন্ডিকেট সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান শামীম আহমেদ, শামসি বেগম, রাজিব আহমেদ, প্রফেসর ড. মো. ইউনুস, বিজিত চৌধুরী, প্রফেসর মোহাম্মদ রুহুল আমীন ও রেজিস্ট্রার নসরত আফজা চৌধুরী। ১৯ জানুয়ারি সিলেট ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়ের বিবিএ ৪র্থ বর্ষ ২য় সেমিস্টারের শিক্ষার্থী ছাত্রলীগ কর্মী কাজী হাবিবের উপর হামলা চালায় নিজ দলীয় ক্যাডাররা। সাগরের নেতৃত্বে এ হামলা চালানো হয়। এ সময় হাবিবকে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে পালিয়ে যায় তারা। পরে শিক্ষার্থীরা তাকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে। রাতে অবস্থার অবনতি হলে তাকে নগরীর মাউন্ট এডোরা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। মধ্যরাতে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় সে। এ ঘটনায় নিহতের ভাই বাদী হয়ে ১১ জনের নামোল্লেখ করে মামলা দায়ের করেন।